

স্মারক নং- ওএম/৪৭সি-১/২০১৫-২২৬২


তারিখ: ২১/১১/২০২৩ খ্রি.

অফিস আদেশ

“সরকারিকৃত কলেজ শিক্ষক ও কর্মচারী আণ্ডীকরণ বিধিমালা-২০১৮”-এর আলোকে সদ্য সরকারিকৃত সরকারি আলাওল কলেজ, বাঁশখালী, চট্টগ্রাম এর অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) জনাব শাহ আলম আজাদ এর ৬০ বছর পূর্ণ হওয়ায় অবসর গ্রহণ করেন। বর্ণিত কলেজে অধ্যক্ষ ও উপাধ্যক্ষ পদ শূণ্য থাকায় ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্বভার গ্রহণের লক্ষ্যে জ্যেষ্ঠতম শিক্ষক হিসেবে সহকারী অধ্যাপক, (নন-ক্যাডার)বাংলা জনাব মোঃ আজিজুর রহমান ইনডেক্স নং-৩০৭৩৫৮-কে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের ২৭-০৮-২০১৮ তারিখের ৩৭.০০.০০০০.০৭০.০০২.০০৪.২০১৮-৮৮ সংখ্যক স্মারক পত্রের নির্দেশনা অনুযায়ী নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে সাময়িকভাবে আর্থিক ক্ষমতাসহ ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব পালনের অনুমতি প্রদান করা হলো।

১. প্রশাসনিক পদ অধ্যক্ষ/উপাধ্যক্ষ পূরণ হওয়ার সাথে সাথে এ আদেশ স্বয়ংক্রিয়ভাবে বাতিল হবে।
২. সরকারি বিধি অনুযায়ী তাঁর অবসররোত্তর ছুটি/অবসরের সাথে সাথে বিধি অনুযায়ী দায়িত্ব হস্তান্তর করতে হবে।
৩. দায়িত্বকালীন সময়ের আর্থিক বিষয়সহ সকল কাজে ভারপ্রাপ্ত অধ্যক্ষ দায়বদ্ধ থাকবেন।
৪. আর্থিক ক্ষমতাসহ পরবর্তী ভারপ্রাপ্ত অধ্যক্ষ মনোনয়নের জন্য তাঁর অবসররোত্তর ছুটি/অবসরের অন্তত এক মাস পূর্বে ৫(পাঁচ) জন জ্যেষ্ঠ শিক্ষকের তথ্যসহ তালিকা প্রেরণ করতে হবে।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।


মীর রাহাত মাসুম-১৬৩৯৮
সহকারী পরিচালক (কলেজ-৪)
ফোন-৪১০৫০২৮৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
- ০২। পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
- ০৩। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অঞ্চল, চট্টগ্রাম
- ০৪। জেলা প্রশাসন.....;
- ০৫। উপপরিচালক (কলেজ-১), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
- ০৬। উপজেলা নির্বাহী অফিসার.....;
- ০৭। উপজেলা হিসাবরক্ষণ অফিসার.....;
- ০৮। জনাব.....;
- ০৯। সংশ্লিষ্ট ব্যাংক ম্যানেজার.....;
- ১০। সংরক্ষণ নথি।